প্রথম আলো

তারিখ 14 FEB 2009
পৃষ্ঠা ২০ কলাম ৪

## অর্থ মন্ত্রণালয়ে চিঠি

# শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তি ও মাধ্যমিকে বই দিতে ৮৮৩ কোটি টাকা লাগবে

শরিফুজ্জামান পিন্টু ●

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত (শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারি অংশ) করতে অর্থ মন্ত্রণালয়ের কাছে ৬০০ কোটি টাকা চেয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এ ছাড়া ২০১০ সাল থেকে মাধ্যমিক স্তরে বিনামূল্যে বই দেওয়ার জন্য আরও ২৮৩ কোটি টাকা চাওয়া হয়েছে। দুটি খাতে মোট ৮৮৩ কোটি টাকার প্রয়োজনের কথা জানিয়ে গত বুধবার অর্থ মন্ত্রণালয়ে চিঠি দেওয়া হয়েছে শিক্ষা মন্ত্রণালয় থেকে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়, শিক্ষা খাতে এ দুটি বিষয় জরুরি হয়ে পড়েছে। জাতীয় সংসদ অধিবেশনেও জনপ্রতিনিধিরা এ দুটি বিষয় নিয়ে প্রশ্ন রাখছেন। সংসদ সচিবালয়ের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ে যেসব প্রশ্ন এসেছে, সেগুলোর বেশির ভাগই হচ্ছে এমপিওভুক্তি, নতুন শিক্ষাপ্রতিষ্ঠান গড়া এবং মাধ্যমিক স্তরে বিনামূল্যে বই দেওয়া বিষয়ে।

পাঁচ বছরেরও বেশি সময় ধরে দেশে বেসরকারি স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান এমপিওভুক্ত হচ্ছে না। এই সময়ের মধ্যে এমপিওভুক্তির শর্ত পূরণ করে অপেক্ষা করছে কয়েক হাজার শিক্ষাপ্রতিষ্ঠান। শিক্ষা মন্ত্রণালয় বলছে, এই মুহূর্তে এমপিওভুক্ত হওয়ার মতো যোগ্য প্রতিষ্ঠান রয়েছে প্রায় চার হাজার। আজ বা কাল এসব প্রতিষ্ঠান এমপিওভুক্ত করতেই হবে এবং সে ক্ষেত্রে বছরে বেতন-ভাতা খাতে অতিরিক্ত খরচ হবে প্রায় ৬০০ কোটি টাকা। এ ছাড়া পাঠদানের অনুমতি পাওয়া ও একাডেমিক স্বীকৃতি এবং পাঠদানের অনুমতির এরপর পৃষ্ঠা ১৯ কলাম ১

## ৮৮৩ কোটি টাকা লাগবে

শেষ পৃষ্ঠার পর

জন্য আবেদন করা আরও কয়েক হাজার শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে।

উল্লেখ্য, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা খাতে সরকারের ব্যয় হয় বছরে প্রায় তিন হাজার ৭০০ কোটি টাকা। পাঁচ লক্ষাধিক শিক্ষক-কর্মচারীকে মূল বেতনের শতভাগ এবং আংশিক উৎসব ভাতা দিতে ওই টাকা খরচ হয়।

নতুন এমপিওভুক্তি প্রসঙ্গে জানতে চাইলে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) মো. মোজাম্মেল হক খান *প্রথম আলোকে* বলেন, শিক্ষা মন্ত্রণালয় থেকে গত বুধবার প্রয়োজনীয় অর্থ চেয়ে অর্থ মন্ত্রণালয়ে চিঠি দেওয়া হয়েছে।

**মাধ্যমিকে বিনামূল্যে বই:** একদিকে চলছে মাধ্যমিকের বইয়ের সংকট, অন্যদিকে শিক্ষা মন্ত্রণালয় আগামী বছর থেকে বিনামূল্যে মাধ্যমিক শিক্ষার্থীদের বই দেওয়ার বিষয়টি চিন্তা করছে। তত্ত্বাবধায়ক সরকার এ সংক্রান্ত কার্যক্রম শুরু করার পর এর বাস্তবায়নের দায়িত্ব এসে পড়েছে বর্তমান সরকারের ওপর।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) হিসাব অনুযায়ী ২৮৩ কোটি টাকার সংস্থান হলে মাধ্যমিকের সব শিক্ষার্থী বিনামূল্যে বই পেতে পারে। প্রথম বছর ওই টাকা লাগলেও পরবর্তী বছরে ১৫০ কোটি টাকার মতো লাগবে।

এনসিটিবির চেয়ারম্যান অধ্যাপক মো. মস্তির উদ্দিন বলেন, 'প্রাথমিকের মতো মাধ্যমিকের বই বিনামূল্যে দেওয়া সম্ভব হলে অসাধু প্রকাশকদের দৌরাত্ম্য অনেকাংশে কমবে এবং দরিদ্র ছেলেমেয়েরা সময়মতো বই পেয়ে উপকৃত হবে।'